



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার  
আইসিটি শাখা



তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির কার্যবিবরণী।

সভাপতি	মীর নাহিদ আহসান জেলা প্রশাসক
সভার তারিখ	২০/০৯/২০২০
সভার সময়	১১:৩০
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট - ক

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

১। তথ্য অধিকার আইন-২০০৯ এর বিষয়ে ব্যাপক প্রচার:

**আলোচনা:** সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মৌলভীবাজার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন প্রকার সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সভায় অনুমোদিত হয়। জনগণের তথ্য পাওয়ার অধিকার সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির পাশাপাশি এ বিষয়ে সরকারী-বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানের সেবা সম্পর্কে জনগণকে অবহিত করা এবং তথ্য প্রত্যাশী ও তথ্য প্রদানকারীর মধ্যে সেতুবন্ধন সৃষ্টির লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে নিম্ন বর্ণিত কর্মসূচী গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য সকল সদস্যকে অনুরোধ জানানো হয়।

১. আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস- ২০২০ উদযাপন উপলক্ষ্যে মাইকিং করে ব্যাপক প্রচার ও প্রচারণার জন্য জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার-কে অনুরোধ জানানো হয়।

২. আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস - ২০২০ উদযাপন উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে সকাল ১১:৩০ ঘটিকায় Zoom Application Video Conference এ আলোচনা সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়

৩. জেলা ও উপজেলা পর্যায়ে জনপ্রতিনিধি, কর্মকর্তা, সাংবাদিক, ইউডিসি উদ্যোক্তাদের সমন্বয়ে দিবসটির তাৎপর্য নিয়ে Zoom Application Video Conference এ ভার্চুয়াল আলোচনা সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার-কে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস- ২০২০ উপলক্ষ্যে সুসজ্জিত গাড়ী দ্বারা দিবসটির তাৎপর্য তুলে ধরে মাইকিং এর মাধ্যমে প্রচার করে দিবসটির গৃহীত কর্মসূচীসমূহ সফলভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিতে গৃহীত হয়। অতপর: আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মীর নাহিদ আহসান  
জেলা প্রশাসক

০১ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।



মীর নাহিদ আহসান  
জেলা প্রশাসক